দৈনিক খবর

তারিখ ... 14 MAY 1993 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

# নীতিমালাবহির্ভূত ডিজাইন প্রতিযোগিতার প্রতিবাদে স্থপতিদের অবস্থান ধর্মঘট

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাস্টার প্ল্যান ও মিডিয়া সেন্টার ভবনের নীতিমালা বহির্ভূত স্থাপত্য ডিজাইন ও নক্সা প্রতিযোগিতার প্রতিবাদে গত বুধবার স্থাপত্য ইনস্টিটিউটের সদস্য স্থপতিরা বিশ্ববিদ্যালয়ের ধানমন্ডিস্থ কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট ও বিক্ষোভ প্রদর্শনকরেছে।

জানা গেছে, সম্প্রতি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাস্টার প্ল্যান ও মিডিয়া সেন্টার ভবনের সার্বিক স্থাপত্য ডিজাইন ও নক্সা প্রতিযোগিতার মাধ্যমে প্রণয়নের উদ্দেশ্যে সাতটি কনসালটিং ফার্মকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চূড়ান্তভাবে নির্বাচন করেন এবং গতকাল নক্সা ও মডেল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট জমা দেয়ার জন্য কর্মসূচী গ্রহণ করেন। ইতিমধ্যে বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট উক্ত ডিজাইন প্রতিযোগিতা ইনস্টিটিউটের নীতিমালা বহির্ভূত হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে দেখা করেন এবং ইনস্টিটিউট প্রণীত, আন্তর্জাতিকভাবে স্বীকৃত নীতিমালার দ্বারা উক্ত স্থাপত্য প্রতিযোগিতা পরিচালনা করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানান। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত অনুরোধ উপেক্ষা করায় ইনস্টিটিউটের সদস্য- স্থপতিরা উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ধানমন্ডিস্থ কার্যালয়ের সামনে প্রতিবাদ জানাতে শান্তিপূর্ণভাবে অবস্থান ধর্মঘট পালন করেন।

স্থপতি ইনস্টিটিউটের সভাপতি রবিউল হুসাইন এক বিবৃতিতে জানান, স্থপতিরা ইতিমধ্যেই এই ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী ও সচিবের নিকট স্মারকলিপি পেশ করেছেন। এ ধরনের নীতি বিরুদ্ধ স্থাপত্য প্রতিযোগিতায় মেধার সঠিক মূল্যায়ন না হয়ে দুর্নীতি ও স্বজনপ্রীতির মাধ্যমে স্থপতি নির্বাচনের সম্ভাবনা বৃদ্ধি পায়। এই অবস্থা স্বৈরাচার সরকারের আমল থেকে চলে আসছে এবং বর্তমান সুস্থ স্থাপত্য চর্চা প্রায় অসম্ভব হয়ে পড়ছে। তিনি বলেন, এ ধরনের দুর্নীতিপূর্ণ অবস্থা চলতে দেয়া যায় না। তা না হলে দেশের অর্থ ও মেধার অপব্যবহার রোধ করা যাবে না। খবর বিজ্ঞপ্তি'র।